

📖 যাদুকর ও জ্যোতিষীর গলায় ধারালো তরবারি

বিভাগ/অধ্যায়ঃ সপ্তম প্রকার যাদু

রচয়িতা/সঙ্কলকঃ ওয়াহীদ বিন আব্দুস সালাম বালী

কাউকে যাদুর মাধ্যমে শারীরিকভাবে রোগী বানিয়ে দেয়া

এই যাদুর লক্ষণসমূহ

- ১। শরীরের কোন অঙ্গে সর্বদায় ব্যাথা থাকা।
- ২। শরীরে ঝাকুনি বা খিচুনী এসে বেহুশ হয়ে যাওয়া।
- ৩। শরীরের কোন অঙ্গ অচল হয়ে যাওয়া।
- ৪। সমস্ত শরীর নিজীব হয়ে যাওয়া।
- ৫। পঞ্চ ইন্দ্রিয়ের কোন একটি কাজ না করা।

এখানে একটি বিষয় স্পষ্ট করতে হয় যে, এই লক্ষণসমূহ সাধারণ রোগের ক্ষেত্রে হয়ে থাকে, তবে এর পার্থক্য নির্ণয়ের জন্যে রোগীর উপর কুরআন পড়ে ঝাড়লে রোগী যদি কোনরূপ খিচুনী অনুভব করে অবশ হয়ে যায়, অথবা সে বেহুশ হয়ে পড়ে অথবা শরীরে কম্পন সৃষ্টি হয় অথবা মাথায় ব্যাথা অনুভব হয় তবে বুঝতে হবে যে, রোগীকে যাদু করা হয়েছে। আর এমনটি না হলে বুঝতে হবে যে এটা সাধারণ রোগ এর চিকিৎসা ডাক্তার দিয়ে করতে হবে।

🔗 Source — <https://www.hadithbd.com/books/link/?id=5932>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন